মেহেরপুরের আমঝুপিতে মউকের উদ্যোগে ঈদ প্যাকেজ বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে মানবাধিকার সংগঠন মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) আয়োজনে মঙ্গলবার বেলা দুইটার দিকে মউকের প্রধান কার্যালয় চত্ত্বরে এলাকার প্রায় দুইশতাধিক অসহায় নারী, পুরুষ ও প্রতিবন্ধী ব্যক্তির মাঝে ঈদ প্যাকেজ বিতরণ করা হয়েছে।

ঈদ প্যাকেজে চাউল, ডাল, তেল, আলু, সেমাই, আটা, চিনি, সাবান, শ্যাম্পু সহ অন্যান্য প্রয়োজনীয় ঈদ সামগ্রী রাখা হয়। বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থেকে এসব ঈদ সামগ্রী বিতরণ করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

মউক প্রতিবছর নিজস্ব উদ্যোগে দরিদ্র, অসহায় ও প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে এ ধরনের ঈদ উপহার বিতরণ করে আসছে, যা এলাকার মানুষের জন্য আনন্দের উৎস হিসেবে বিবেচিত।

মেহেরপুরে কর্তব্যরত অবস্থায় নিহত পুলিশ সদস্যের পরিবারকে ঈদ উপহার প্রদান

পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৬ উপলক্ষে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের পরিবারের প্রতি সম্মান জানিয়ে উপহার সামগ্রী বিতরণ করেছে বাংলাদেশ পুলিশ।

ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশের পক্ষ থেকে দেশপ্রেমিক ওইসব পুলিশ সদস্যদের পরিবারের কাছে ঈদ শুভেচ্ছা বার্তাসহ খাদ্যসামগ্রী ও উপহার প্রদান করা হয়।

এর অংশ হিসেবে মেহেরপুরে কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী এক পুলিশ সদস্যের পরিবারের হাতে ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা উপহার তুলে

দেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

এ সময় পুলিশ সুপার জানান, কর্তব্যরত অবস্থায় জীবন উৎসর্গকারী পুলিশ সদস্যদের আত্মত্যাগ জাতি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে এবং তাদের পরিবারের পাশে থাকতে বাংলাদেশ পুলিশ সবসময় সচেষ্ট রয়েছে।

মেহেরপুরে ৬ লাখ টাকা নিয়ে উধাও রকেট ডিএসআর, থানায় অভিযোগ

মেহেরপুরে ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং ‘রকেট’ কার্যক্রমের এক ডিএসআরের বিরুদ্ধে প্রায় ৬ লাখ টাকা আত্মসাত করে পলাতক থাকার অভিযোগ উঠেছে।

অভিযোগ সূত্রে জানা যায়, মেহেরপুর সদর উপজেলার কোলা গ্রামের বাসিন্দা আনিসুর রহমানের ছেলে মো. রেজাউল হক মানব উন্নয়ন কেন্দ্র (মউক) পরিচালিত ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং ‘রকেট’ কার্যক্রমের মেহেরপুর সদর উপজেলার আওতাধীন ডিএসআর পদে কর্মরত ছিলেন। তিনি ২০২৪ সালের ৩ সেপ্টেম্বর ওই পদে যোগদান করে দায়িত্ব পালন করে আসছিলেন।

হঠাৎ করে তিনি রকেট কার্যক্রমের প্রায় ৬ লাখ টাকা আত্মসাত করে পলাতক রয়েছেন বলে অভিযোগ উঠেছে।

এ ঘটনায় মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) পক্ষ থেকে মেহেরপুর সদর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযুক্ত রেজাউল হক পলাতক থাকায় তদন্ত কার্যক্রম ব্যাহত হচ্ছে বলে জানা গেছে।

এ বিষয়ে পুলিশ জানিয়েছে, ঘটনাটি তদন্তাধীন রয়েছে এবং অভিযুক্তকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

গাংনীতে পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার মাইলমারী গ্রামের একটি পুকুরের পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। আজ মঙ্গলবার দুপুরে মর্মান্তিক এ ঘটনা ঘটে।

স্থানীয় সুত্রে জানা গেছে, মাইলমারী গ্রামের ভ্যান চালক আকাশ আলীর ৪ বছর বয়সী শিশু পুত্র ইউসুফ আলী এবং তার প্রতিবেশী আব্বাস আলীর ৩ বছর বয়সী শিশু পুত্র আদিব হোসেন একসাথে খেলছিল।

বাড়ির মধ্যে খেলতে খেলতে পরিবারের অগোচরে পার্শ্ববর্তী পুকুরে চলে যায় তারা। পরিবারের লোকজন তাদেরকে খুঁজে না পেয়ে পুকুরে সন্ধান চালায়। এক পর্যায়ে পুকুর থেকে তাদের উদ্ধার করে হাসপাতালে নেওয়া হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে দায়িত্বরত ডাঃ ফারুক আহম্মেদ জানান, হাসপাতালে পৌঁছুনোর আগেই তাদের মৃত্যু হয়েছে। মরদেহ পরিবারের সদস্যর কাছে হস্তান্তর করেছে হাসপাতাল কর্তৃপক্ষ।

সৌদি আরবে পাঠানো যুবক ৪ মাস ধরে নিখোঁজ, দালালের বিরুদ্ধে মামলা

মেহেরপুরের গাংনী উপজেলার হিন্দা গ্রামের বাসিন্দা তানজিলা খাতুনের ছেলে ফিরোজ উদ্দিন প্রায় চার মাস ধরে সৌদি আরবে নিখোঁজ রয়েছেন বলে অভিযোগ উঠেছে। উন্নত জীবনের আশায় তাকে সৌদি

আরবে পাঠিয়েছিলেন তার পরিবার। এ কাজে স্থানীয় মধ্যস্থতাকারী হিসেবে কাজ করেন অবসরপ্রাপ্ত সেনা সদস্য ফজলুর রহমান।

তানজিলা খাতুন জানান, তিন মাস অতিবাহিত হলেও ফজলুর রহমান তার ছেলের কোনো কাজের ব্যবস্থা করতে পারেননি। এরই মধ্যে চার মাস ধরে তার ছেলে সৌদি আরবে নিখোঁজ রয়েছে। এ ঘটনায় তানজিলার অভিযোগের প্রেক্ষিতে গ্রামের গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং গাংনী থানার সাব-ইন্সপেক্টর রবিউল ইসলামের হস্তক্ষেপে একটি মীমাংসা হয়।

মীমাংসা অনুযায়ী, দালাল ফজলুর রহমান দুই দিনের মধ্যে ফিরোজ উদ্দিনকে দেখানোর অথবা আকামার পরিবর্তে দুই লাখ টাকা প্রদান করার কথা বলেন। টাকা পরিশোধ না করা পর্যন্ত একটি গরু জামানত হিসেবে তানজিলার বাড়িতে রেখে দেওয়া হয়।

তবে পরে ফজলুর রহমান তানজিলা খাতুন ও তার স্বামী কামাল হোসেনের বিরুদ্ধে আদালতে চুরির মামলা দায়ের করেন। সেই মামলার তদন্তের অংশ হিসেবে গত সোমবার সকালে তদন্ত কর্মকর্তা সাব-ইন্সপেক্টর শিমুল তানজিলার বাড়িতে যান। এ বিষয়ে তিনি বলেন, মামলার তদন্ত কর্মকর্তা হিসেবে তার বাড়িতে যাওয়া স্বাভাবিক।

এদিকে তানজিলা খাতুনের দাবি, তার ছেলেকে জীবিত অথবা মৃত যেভাবেই হোক দ্রুত ফিরিয়ে দেওয়া হোক। ছেলেকে ফিরে পাওয়ার আশায় তানজিলার স্বামী কামাল হোসেন বাদী হয়ে ফজলুর রহমান ও তার ছেলে শিহাবের বিরুদ্ধে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ অনুযায়ী আদালতে একটি মামলা দায়ের করেছেন।

মেহেরপুরে দুস্থ মানুষের মাঝে নগদ অর্থ বিতরণ

পবিত্র ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষে মেহেরপুরে অসহায়, গরিব ও দুস্থ মানুষের মাঝে প্রধানমন্ত্রীর ত্রাণ ভান্ডার থেকে নগদ অর্থ বিতরণ কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১৭ মার্চ) সকাল ১০টায় সদর উপজেলা পরিষদের হল রুমে এ সহায়তা কার্যক্রমের আয়োজন করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খাইরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য মোঃ তাজউদ্দীন খান।

এ সময় তিনি বলেন, ঈদের আনন্দ ভাগাভাগি করতে প্রধানমন্ত্রীর তহবিল থেকে এই অর্থ দেওয়া হচ্ছে। তবে এই অর্থ যদি একজন বা দশ জনের মাধ্যমে দিয়ে তাদের প্রতিষ্ঠিত করা যেত।

এসময় জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন, সদর উপজেলা আমীর সোহেল রানা, সদর উপজেলা সেক্রেটারি মাস্টার জাব্বারুল ইসলামসহ স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং উপকারভোগী সাধারণ মানুষ উপস্থিত ছিলেন।

ঈদের আনন্দ ছড়িয়ে দিতে ফ্রেন্ডস চ্যারিটির উপহার বিতরণ

মেহেরপুরে গরিব ও দুস্থ মানুষের মাঝে ঈদের আনন্দ ছড়িয়ে দিতে উপহার সামগ্রী বিতরণ করেছে “ফ্রেন্ডস চ্যারিটি”।

জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের এসএসসি-২০২১ ব্যাচের প্রাক্তন শিক্ষার্থীদের উদ্যোগে গঠিত এই সংগঠনের পক্ষ থেকে এবছর ১২০টি গরিব-দুস্থ পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

সংগঠনের সদস্যরা জানান, এই উদ্যোগের মূল উদ্দেশ্য ছিল গরিব-দুস্থ পরিবারের মাঝে ঈদের আনন্দ ছড়িয়ে দেওয়া, যাতে তারা ঈদকে আরও আনন্দমুখরভাবে উদযাপন করতে পারেন।

“ফ্রেন্ডস চ্যারিটি” ২০২৪ সালে প্রতিষ্ঠার পর থেকেই বিভিন্ন মানবিক কর্মকাণ্ডের মাধ্যমে সমাজে অবদান রেখে আসছে। সংগঠনটি

শীতবস্ত্র বিতরণ, অসহায়দের চিকিৎসায় সহায়তা প্রদান এবং বন্যার্তদের পাশে দাঁড়ানোর মতো বিভিন্ন কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে।

সংগঠনের প্রতিষ্ঠাতা সদস্যরা জানান, প্রথমে মাত্র ২৪টি পরিবারের মাঝে উপহার বিতরণের মাধ্যমে তাদের কার্যক্রম শুরু হয়েছিল। বর্তমানে ১২০টি পরিবারের মাঝে সহায়তা পৌঁছে দিতে পেরে তারা আনন্দিত।

তারা ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে এ ধরনের মানবিক কার্যক্রম পরিচালনা করার আশা প্রকাশ করেন, যাতে সমাজের সব শ্রেণির মানুষ ঈদসহ বিভিন্ন উৎসব আনন্দের সঙ্গে উদযাপন করতে পারেন।

উল্লেখ্য, গত শনিবার মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে ইফতার বিতরণ করা হয়।

মেহেরপুরে অসহায় মানুষের মাঝে জেলা পরিষদের আর্থিক সহায়তা বিতরণ

মেহেরপুরে জেলা পরিষদের অনুদান খাতের অর্থের মাধ্যমে অসুস্থ ও অসহায় মানুষের মাঝে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

সোমবার সকালে জেলা পরিষদের মিলন আয়তনে অনুষ্ঠিত অনুষ্ঠানে ৮০ জন সুবিধাবঞ্চিত মানুষের হাতে এ আত্মিক সহায়তা তুলে দেওয়া হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা পরিষদের প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। এ সময় জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ গোলাম জাকারিয়া, নির্বাহী কর্মকর্তা মোঃ সামিউল হক, উচ্চমান সহকারী শাহিন ইকবালসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ঘাস কাটার মেশিনের নিচ থেকে ১৭ বোতল কোডিন সিরাপ উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামে অভিযান চালিয়ে ঘাস কাটার মেশিনের নিচে তৈরি করা গোপন চেম্বার থেকে ১৭ বোতল কোডিন ফসফেটযুক্ত সিরাপ উদ্ধার করা হয়েছে।

সোমবার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয়ের পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথের নেতৃত্বে সদর উপজেলার দক্ষিণ শালিকা এলাকার পুরাতন জামে মসজিদপাড়ায় এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানকালে মো. ফয়জুদ্দিন (৫৫) নামক এক ব্যক্তির বসতবাড়িতে তল্লাশি চালিয়ে ঘাস-বিটালি কাটার মেশিনের নিচে বিশেষভাবে তৈরি করা গোপন চেম্বার থেকে ১৭ বোতল ‘এসকাফ’ নামের কোডিন ফসফেটযুক্ত সিরাপ উদ্ধার করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, ফয়জুদ্দিন ও তার স্ত্রী মুশিয়া দীর্ঘদিন ধরে কোডিন ফসফেটযুক্ত ফেনসিডিল ও ফেনসিডিলজাতীয় মাদকদ্রব্যের ব্যবসার সঙ্গে জড়িত ছিলেন। এমন তথ্যের ভিত্তিতেই অভিযান চালিয়ে এসব সিরাপ উদ্ধার করা হয়। তবে অভিযানের সময় অভিযুক্ত ফয়জুদ্দিন ও তার স্ত্রী মুশিয়াকে বাড়িতে পাওয়া যায়নি।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথ বাদী হয়ে মেহেরপুর সদর থানায় মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন।

মেহেরপুরের বারাদী ইউনিয়ন পরিষদে ভিজিএফের চাল বিতরণ

মেহেরপুরের বারাদী ইউনিয়ন পরিষদে হতদরিদ্র ও অতি দরিদ্র মানুষের মাঝে ভিজিএফ কর্মসূচির চাল বিতরণ করা হয়েছে। সোমবার সকাল থেকে ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে এ চাল বিতরণ কার্যক্রম শুরু হয়।

দীর্ঘ লাইনে দাঁড়িয়ে দীর্ঘ সময় অপেক্ষার পর ১০ কেজি করে চাল পেয়ে সন্তুষ্টির হাসি নিয়ে বাড়ি ফিরেছেন সুবিধাবঞ্চিত মানুষরা। তাদের জন্য এই ১০ কেজি চাল কয়েকদিনের খাদ্যচিন্তা লাঘব করবে বলে জানান অনেকেই।

চাল বিতরণকে কেন্দ্র করে ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়। দীর্ঘ লাইনে দাঁড়িয়ে থাকা মানুষজন একে অপরের সঙ্গে কথা বলে সময় কাটান এবং সুখ-দুঃখের গল্প ভাগাভাগি করেন। অনেক প্রবীণ মানুষের কাছে এটি যেন এক মিলনমেলায় পরিণত হয়।

এবার প্রকৃত দুঃস্থ, অতি দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের হাতে সহায়তা পৌঁছে দিতে উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান স্থানীয়রা। কোনো ধরনের রাজনৈতিক প্রভাব না থাকায় ইউনিয়ন পরিষদের সদস্যরা স্বচ্ছভাবে কাজ করতে পেরেছেন বলেও তারা মন্তব্য করেন। এ সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়েছেন এলাকার সচেতন মহল।

এ বিষয়ে বারাদী ইউনিয়ন পরিষদের প্রশাসক রাকিবুল ইসলাম বলেন, এবার আমরা ব্যতিক্রমভাবে বিতরণ কার্যক্রম পরিচালনা করেছি। পরিষদের দফাদার ও চৌকিদারদের দিয়ে প্রতিটি ওয়ার্ডে বাড়ি বাড়ি গিয়ে প্রকৃত দুঃস্থ ও অতি দরিদ্র নারী-পুরুষের তালিকা প্রস্তুত করা হয়েছে। সেই তালিকার ভিত্তিতেই চাল বিতরণ করা হয়েছে, এতে সবাই সন্তোষ প্রকাশ করেছেন।

তিনি আরও জানান, ইউনিয়নের ১ হাজার ৩০০টি দুঃস্থ ও অতি দরিদ্র পরিবারের মাঝে ভিজিএফ (ভালনারেবল গ্রুপ ফিডিং) কর্মসূচির আওতায় ১০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে।